গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.৬৪

তারিখ: ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৩৯১/২০২০ এর বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর স্মারক নং-৩৭.২০.০০০০০.০০৫.০৩৫.০০৫.২০১৪(পার্ট-৫)-৭০৯ তারিখ-২১.০৯.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন ভাঙ্গুড়া জরিনা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এমপিও সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৯১/২০২০ দায়ের করেন। সিনিয়র সহকারী সচিব শেখ মোমেনা মনি স্বাক্ষরিত আদেশের ২০০৯-২০১০ অর্থ বছরে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ তারিখ-০৬ মে ২০২০ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকার ক্রমিক নং-১৩১ এ এসএসসি ভোকেশনাল শাখার দুটি ট্রেডের জন্য বর্ণিত প্রতিষ্ঠানটি তালিকায় অর্ন্তভূক্ত ছিল। প্রথম বার তালিকা প্রকাশ হওয়ার পর সারাদেশে নন এমপিও প্রতিষ্ঠান আন্দোলন শুরু করে। পরবর্তীতে ড. আলাউদ্দিন মাননীয় শিক্ষা উপদেষ্টাকে সভাপতি করে শিক্ষা মন্ত্রণালয়ের এমপিও রিভিউ কমিটি গঠন করে। মাননীয় শিক্ষা উপদেষ্টার নেতৃত্বে গঠিত কমিটির এমপিওভূক্তির তালিকা পুনরায় যাচাই বাছাই করেন। কমিটি তালিকায় কিছু প্রতিষ্ঠান সংযোজন ও বিয়োজন করেন। এরই ধারাবাহিকতায় ৩১ মে ২০১০ তারিখে স্মারক নং শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ এমপিওভূক্তির জন্য সংশোধিত তালিকায় ভাঙ্গুড়া জরিনা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়কে (এসএসসি ভোকেশনাল শাখার দুটি ট্রেড) বাদ দেন।

এমতাবস্থায়, পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন ভাঙ্গুড়া জরিনা রহিম বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃক রিট পিটিশন নং-৩৯১/২০২০ মামলাটি উৎস্যমূলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৮-১০-২০২০
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.৬৪/১(৫)

তারিখ: ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৮-১০-২০২০

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)